

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১
www.mof.gov.bd

নংঅম/অবি/প্রবি-১/চাঃ বিঃ-৩/২০০৪(অংশ-২)/ ২৯

১১ ফাল্গুন, ১৪১৬ বঙ্গাব্দ
তারিখঃ-----
২৩ ফেব্রুয়ারী, ২০১০ খ্রিষ্টাব্দ

পরিপত্র

বিষয় : অবসর প্রস্তুতিমূলক ছুটি ভোগরত মুক্তিযোদ্ধা গণ কর্মকর্তা/কর্মচারীগণের বয়স বৃদ্ধির সুবিধা কার্যকরকরণ প্রসঙ্গে।

The Public Servants (Retirement) (Amendment) Ordinance, 2009 (অধ্যাদেশ নং-৭, ২০০৯) এর মাধ্যমে The Public Servants (Retirement) Act, 1974 এ ধারা 4A সংযোজন ও ধারা 7 প্রতিস্থাপন করা হয়েছে। উক্ত আইনের 4A ধারায় মুক্তিযোদ্ধা গণ কর্মকর্তা/কর্মচারীগণের চাকুরি হতে অবসর গ্রহণের বয়স ৫৯ (উনষাট)বৎসর করা হয়েছে এবং এল.পি.আর. ভোগরত মুক্তিযোদ্ধা গণ কর্মকর্তা/কর্মচারীগণের পুনঃনিয়োগের বিধান রাখা হয়েছে। উক্ত বিধান অনুযায়ী অবসর প্রস্তুতিমূলক ছুটি ভোগরত মুক্তিযোদ্ধা গণ কর্মকর্তা/কর্মচারীগণের বয়স বৃদ্ধির সুবিধা কার্যকর করার লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো :-

- (ক) মুক্তিযোদ্ধা গণ কর্মকর্তা/কর্মচারীগণের বয়স ৫৯ বৎসর পূর্তিতে ছুটি পাওনা সাপেক্ষে তাঁদেরকে সর্বোচ্চ ১ (এক) বৎসর পর্যন্ত প্রচলিত বিধি মোতাবেক অবসরোত্তর ছুটি (Post Retirement Leave) প্রদান করতে হবে।
- (খ) ইতোপূর্বে জারিকৃত ছুটি নগদায়ন মঞ্জুরির আদশটি বাতিল করতে হবে এবং ছুটি নগদায়নের অর্থ মূল বেতনের $\frac{3}{6}$ (এক-তৃতীয়াংশ) হারে প্রতি মাসের বেতন হতে কর্তন করতে হবে। উক্তরূপ কর্তনের পরও ছুটি নগদায়ন হিসাবে উপোলিত অর্থের মধ্যে যে পরিমাণ অর্থ অবশিষ্ট থাকবে তা পরবর্তীতে প্রচলিত বিধি মোতাবেক প্রাপ্য ছুটি নগদায়ন/আনুতোষিক এর অর্থ হতে এককালীন কর্তন করতে হবে।
- (গ) ইতোপূর্বে জারিকৃত অবসর প্রস্তুতিমূলক ছুটির আদেশ বাতিল করতে হবে এবং The Public Servants (Retirement) (Amendment) Ordinance, 2009 (অধ্যাদেশ নং-৭, ২০০৯) এর ধারা 4A (2)এর নির্দেশনা মোতাবেক ভোগকৃত অবসর প্রস্তুতিমূলক ছুটিকালীন সময় কর্তব্যকাল হিসাবে পরিগণিত হবে। মুক্তিযোদ্ধা গণ কর্মকর্তা/কর্মচারীগণের বয়স ৫৯ বৎসর পূর্তিতে তাদেরকে উপরোক্ত (ক) উপানুচ্ছেদ অনুসরণে অবসরোত্তর ছুটি (Post Retirement Leave) প্রদান করা যাবে এবং অবসরোত্তর ছুটি (Post Retirement Leave) প্রদানের পরও ছুটি পাওনা সাপেক্ষে প্রচলিত বিধি মোতাবেক সর্বোচ্চ ১২ (বার) মাসের ছুটি নগদায়নের অর্থ প্রদান করা যাবে।

৩। বিদ্যমান বিধি বিধানে যাহাই থাকুক না কেন সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ৩১/১২/২০০৯ খ্রিঃ (১৭/৯/১৪১৬ বং) তারিখের সম(বিধি-৪)-বিবিধ-৩৫/২০০৫-৪৯৩ নং পরিপত্র মোতাবেক অবসর প্রস্তুতিমূলক ছুটি ভোগরত যে সকল মুক্তিযোদ্ধা গণ কর্মকর্তা/কর্মচারী চাকুরিতে পুনঃনিয়োজিত হবেন, শুধুমাত্র তাঁদের ক্ষেত্রে এ পরিপত্রে উল্লেখিত বিষয়সমূহ প্রযোজ্য হবে।

স্বাক্ষরিত/-
২৩/০২/২০১০
(ড.মোহাম্মদ তারেক)
অর্থ সচিব

(অঃ পুঃ দ্র)

নং-অম/অবি/প্রবি-১/চাঃ বিঃ-৩/২০০৪ (অংশ-২)/২৯

তারিখ : ১১ ফাল্গুন, ১৪১৬ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারী, ২০১০ খ্রিষ্টাব্দসদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। বাংলাদেশের মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল ঢাকা (তঁার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
(তঁার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
- ৬। সচিব/ভারপ্রাপ্ত সচিব.....(সকল মন্ত্রণালয়/বিভাগ)।
(তঁার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৭। যুগ্ম-সচিব (প্রশাসন), অর্থ বিভাগ
- ৮। বিভাগীয় কমিশনার (সকল).....।
(তঁার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৯। হিসাব নিয়ন্ত্রক, মহা হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুন বাগিচা ঢাকা-১০০০।
(তঁার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। সিজিডিএফ, সিজিডিএফ এর কার্যালয়, ১ম-১২তলা সরকারি অফিস ভবন, ৪র্থ তলা, সেগুন বাগিচা, ঢাকা
- ১১। অতিরিক্ত মহা-পরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেল ভবন, আব্দুল গণি রোড, ঢাকা।
- ১২। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে(পূর্ব), সিআরবি, চট্টগ্রাম।
- ১৩। অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে(পশ্চিম), আরআরবি, রাজশাহী।
- ১৪। জেলা প্রশাসক (সকল).....।
(তঁার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ১৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা.....(সকল)।
(তঁার অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ১৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,.....(সকল মন্ত্রণালয়/বিভাগ)।
- ১৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....(সকল জেলা)।

(মোঃ আব্দুর রাজ্জাক ভূঞা)

উপ- সচিব

ফোনঃ ৭১৬২৯৩১